

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউস#৭/৭-এ, ব্লক#এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

অতীব জরুরী

তাং ২৫/০৮/২০২০ইং

বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০২০/২২৮

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : কাস্টম হাউজ, চট্টগ্রাম এর মাধ্যমে আমদানীকৃত পণ্য চালান পরীক্ষণে ওজন/Weight (অতিরিক্ত পণ্য) বেশী হওয়া প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টম হাউজ চট্টগ্রাম এর মাধ্যমে পোশাক শিল্পের আমদানীকৃত পণ্য চালান খালাসকালে জেটি কাস্টমস্ কর্তৃক কার্যিক পরীক্ষা (Examination) কালে পণ্যের ওজন পরিমাপের সময় ইনভয়েজ/প্যাকিং লিষ্ট/বিএল-এ ঘোষিত ওজন থেকে অতিরিক্ত পণ্য পাওয়া যাচ্ছে মর্মে কাস্টমস্ হাউস সূত্রে জানা যায়। ফলে অতিরিক্ত মালামালের জন্য শুল্ক করাদি ও জরিমানা (কমপক্ষে শুল্ক করাদির দ্বিগুন) আরোপ করা হচ্ছে। এতে বিভিন্ন প্রক্রিয়ায় প্রচুর সময়ক্ষেপনের ফলে আমদানীকৃত পণ্য ছাড়করণে বিলম্ব হচ্ছে।

উক্ত বিষয়ে জটিলতা পরিহারে আমদানীকৃত পণ্য চালান বিদেশী সরবরাহকারী (Supplier) কর্তৃক প্যাকিং লিষ্ট/ইনভয়েজ/বিএল-এ উল্লেখিত পণ্যের পরিমাপ (Weight) অনুযায়ী যাতে জাহাজীকরণ করা হয় সে বিষয় জরুরী পদক্ষেপ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কাস্টম হাউজ, চট্টগ্রাম এর মাধ্যমে পোশাক শিল্পের আমদানীকৃত পণ্য চালান দ্রুত খালাসে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।



কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব

